

বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল হায়াত মাহমুদ

বাংলাদেশের, ভোলা জেলার-
হাজীপুর গ্রামে,
ছেট্ট শিশু জন্ম নিলো-
মোস্তফা কামাল নামে।

জন্মদিন ১৬ই ডিসেম্বর-
উনিশ'শ সাতচল্লিশ সাল,
যুদ্ধে যাবো, পন করলো-
ধরবো দেশের হাল।

মেঘনা নদীর পাড়েই ছিলো-
ঐ ছেলেটির বাস,
যুদ্ধ করে, বীরশ্রেষ্ঠ হয়ে-
গড়লো ইতিহাস।

মোস্তফা কামাল হতে পারতো-
খ্যাতিমান কবি
কিংবা বড় শিল্পী হয়ে
আঁকতো ভালো ছবি।

রাজনীতিবিদ হয়ে হয়তো-
করতো দেশের সেবা,
বিচারপতি হলেই তাকে-
করতো মানা কেবা।

একাত্তরে মোস্তফা কামাল-
করতে গেলো যুদ্ধ,
আমরা স্বাধীন, আমরা বীর-
কেন থাকবো রুদ্ধ?

ছিল করলো বর্গীদের-
সকল অধীনতা,

সেই লড়াইয়ে, আমরা পেলাম
বিজয়-স্বাধীনতা।